দৈনিক ইত্তেফাক 72

# স্কুলভবন ধসিয়া পড়ার আশংকার

## মধ্যেই ছাত্রদের ক্লাস চলিতেছে

বিভিন্ন স্থানের ৩টি শিক্ষা প্রতিষ্ঠানের পাকা ভবন ধসিয়া পড়ার আশঙ্কার মধ্যেই ক্লাস চালান হইতেছে। ইহার একটি ভবনে এ বছর মহিলা কলেজ খোলার ব্যবস্থা করা হইয়াছে। কিন্তু সংস্কার বা সংরক্ষণের কোন ব্যবস্থা নেওয়া হয় নাই। খবর ইত্তেফাক সংবাদদাতাদের।

**বরগুনা (দঃ) :** সদর থানার সাগরের নিকট অবস্থিত চালিতাতলী মাধ্যমিক বিদ্যালয় ভবনটি ধসিয়া পড়ার আশঙ্কার মধ্যে প্রায় ৫ শত ছাত্রছাত্রীর ক্লাস চালান হইতেছে। শিক্ষক মহল বিদ্যালয় সংস্কারের অভাব ও বিকল্প ব্যবস্থা গ্রহণের অভাবে মারাত্মক বিপদের ঝুঁকি নিয়া নিজেদের দায়িত্ব পালন করিয়া চলিয়াছেন। এই বিদ্যালয়ে শিক্ষক-ছাত্রদের বসার

( ৭ম পৃঃ দ্রঃ )

### স্কুল ভবন

(৩য় পৃঃ পর)

প্রয়োজনীয় ব্যবস্থাও নাই।

জানা গিয়াছে প্রায় ৪০ বৎসর পূর্বে নির্মিত এই ভবনটি হাইস্কুল হিসাবে ব্যবহার করা হইলেও স্কুল চালুর পর ভবনের কোন সংস্কার বা মেরামত হইতেছে না। প্রকাশ, অর্থাভাব ও পরিকল্পনার অভাবে স্কুল ধসিয়া পড়ার আশংকার মধ্যেও মেরামত বা সংরক্ষণের ব্যবস্থা করা হইতেছে না। এজন্য সরকারী কোন অর্থ বরাদ্দ করা হয় নাই। ভবনের ছাদের রড বাহির হইয়া গিয়াছে। বীম ভাঙ্গিয়া পড়িয়াছে। ৫/৬ বছর যাবৎ ভবনের ছাদ হইতে বৃষ্টির পানি পড়িতেছে। ইতিমধ্যে বিদ্যালয়ের বহু মূল্যবান কাগজ-পত্র বৃষ্টির পানিতে ভিজিয়া বিনষ্ট হইয়া গিয়াছে। সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষ স্কুল সংস্কারের ব্যাপারে অর্থাভাবে নিজেদের অসহায় অবস্থার কথা প্রকাশ করেন। তাহারা বলেন, মারাত্মক দুর্ঘটনার আশঙ্কার মধ্যে স্কুল চালু রাখিতে হইতেছে।

**নবাবগঞ্জ :** স্থানীয় পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের পাকা ভবনটি ধসিয়া পড়ার আশঙ্কা দেখা দিয়াছে। তবুও বিপজ্জনক ঐ ভবনের মধ্যে ক্লাস চালান হইতেছে। ছাদের অবস্থা খুবই খারাপ। এই ভবনে ক্লাস না চালাইবার পরামর্শ দেওয়া হইলেও এবছর সরকারী অনুমোদনে এই বিপজ্জনক ভবনে মহিলা কলেজ খোলার জন্য বর্তমানে ছাত্রী ভর্তি প্রক্রিয়া চালান হইতেছে।

**বাগেরহাট :** সদর থানার খেগড়ামান সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবনটি ধসিয়া পড়ার আশঙ্কায় ৪টি কক্ষ পরিত্যক্ত অবস্থায় রহিয়াছে। অপর ২টি কক্ষে টিনের ছাউনী থাকায় কোন রকম ক্লাস চালান হইতেছে। স্থান সংকুলানের অভাবে অনেক ছেলে মেয়ে বিদ্যালয়ে হাজির হইতে পারেনা। বিদ্যালয়ের শোচনীয় অবস্থায় কোন পরিদর্শক সরকারী সাহায্য পাওয়া যায় না। ফলে সংস্কারের উদ্যোগও ব্যর্থ হইতেছে।